

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ১৩/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১০ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- PRA সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ১৩/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ১০ নং ইউনিয়ন এ বিকাল ৩.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। পরে তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। তিনি উপজেলায় অর্থনৈতিক অঞ্চলের প্রভাব সম্পর্কে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে সমস্যা মোকাবেলায় মীরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলে জলাবদ্ধতা হয়ে থাকে বলে জানান। এই জলাবদ্ধতার পাশাপাশি ক্ষতিগ্রস্ত সড়ককে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় প্রায় ০৫ ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। এলাকাবাসী জলাবদ্ধতা নিরসনে খাল সংস্কারের দাবী জানান। বামন সুন্দর খাল, মলিআইস খাল ও মিঠানালা খালসমূহ খনন করার কথা বলেন। এছাড়া তারা ইউনিয়ন এ পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে বলে জানান। পাশাপাশি একটি আধুনিক মানের হাসপাতাল প্রয়োজন ইউনিয়ন এ। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে প্রায় ১০ কিমি দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। এলাকাবাসী জানান ইউনিয়নে কেন্দ্রীয়ভাবে তেমন কোন নাগরিক সুবিধাদি নেই এবং মিঠানালা ইউনিয়ন মীরসরাই উপজেলার অন্যান্য এলাকার তুলনায় নিচু। পরবর্তীতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইউনিয়নে একটি কলেজ নির্মাণ করা দরকার বলে জানান। এছাড়া ইউনিয়ন পরিষদের জন্য নিজস্ব ভবনের প্রয়োজন বলে জানান। এছাড়া, পর্যাপ্ত সেতুর অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাস, বাজারের স্থানের অভাব, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অভাব ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-
- সিদ্ধান্তসমূহ : ১। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা
২। আধুনিক হাসপাতাল নেই
৩। অপ্রসস্থ ও ক্ষতিগ্রস্ত সড়ক
৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
৬। পর্যাপ্ত সেতুর অভাব
৭। নিচু এলাকা
৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে
৯। হাট বাজারের অভাব
১০। আধুনিক হাসপাতাল নেই
১১। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অভাব
১২। বর্জ্য ব্যবস্থাপনার অভাব
১৩। প্রাথমিক বিদ্যালয়ের অভাব
১৪। পানিতে আয়রন ও আর্সেনিকের উপস্থিতি রয়েছে

পিআরএ সেশনে উল্লেখিত সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে একে দেখান।